তারিখ 06 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

## দুটি মেডিক্যাল ভার্সিটি স্থাপনে বিল পাস হওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

সংসদে চিকিৎসা ক্ষেত্রে উচ্চশিক্ষা, গবেষণা ও সেবার মান এবং সুযোগ-সুবিধা সম্প্রসারণে চট্টগ্রাম ও রাজশাহীতে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে পৃথক দুটি বিল পাস হওয়ায় বঙ্গবন্ধু কন্যা, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ। বুধবার এক বিবৃতিতে তিনি বলেন, এতে আগামী দিনে চিকিৎসা ক্ষেত্রে উচ্চশিক্ষা, গবেষণা আরও সম্প্রসারিত হবে এবং রোগীদের সেবার মানও বৃদ্ধি পাবে।-বিজ্ঞপ্তি।